"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

হজ সর্বোচ্চ অগ্রাধিকার

সচিব, হাব
সকল সদস্যকে
অবহিত করুন।
Faruque Ahmed Sardar
Secretary General
Hajj Agencies Association of Bangladesh

নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-৩৭৫

তারিখ : ০৪ চৈত্র ১৪২৯
১৮ মার্চ ২০২৩

## লিড এজেন্সির মাধ্যমে সমন্বিত হজ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালে হজ কার্যক্রম পরিচালনার জন্য বৈধ হজ এজেন্সির তালিকায় প্রকাশিত যে সব হজ এজেন্সির প্রাক-নিবন্ধিত ব্যক্তির সংখ্যা ৯৭ বা তদূর্দ্ধ সে সব এজেন্সিকে ২০২৩ সনের হজের নিবন্ধন স্থানান্তর কার্যক্রম সম্পন্নের জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো। পাশাপাশি নিবন্ধন স্থানান্তর কার্যক্রমের জন্য উপযুক্ত/তালিকায় প্রকাশিত বৈধ যে সব হজ এজেন্সির নিবন্ধিত ব্যক্তির সংখ্যা ৯৭ জনের কম সে সব হজ এজেন্সি পরস্পর সমঝোতা করে সমন্বয়পূর্বক হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং এর অধীনে প্রণীত হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ এর ২৬ বিধি অনুযায়ী লীড এজেন্সি (সংযুক্ত নমুনা মোতাবেক) নির্ণয়করত: সমন্বয়কারী এজেন্সিসমূহের নিবন্ধিত ব্যক্তিগণকে লীড এজেন্সিতে স্থানান্তর (Transfer) করে নির্ধারিত কোটা পূরণপূর্বক নির্ধারিত কোটার সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করবে।

০২। এমতাবস্থায়, জরুরীভিত্তিতে লিড এজেন্সি নির্ধারণপূর্বক ২০২৩ সনের নিবন্ধিত হজযাত্রীদের এক এজেন্সি থেকে অন্য এজেন্সিতে স্থানান্তর সম্পন্ন করতে হবে। সমন্বয় কার্য শেষে সৌদি আরবের ই-হজ সিস্টেমে ইউজার তৈরির জন্য সৌদি আরবে হজ এজেন্সির তালিকা এবং হজ এজেন্সিভিত্তিক হজযাত্রীর সংখ্যা (গাইড ও মোনাজ্জেমসহ) প্রেরণ করা হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (বিধি-২৬ এবং সমঝোতা চুক্তির নমুনা)।

১৮.০৩.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৮
e-mail:morahajsection@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হ'ল (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৪. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৫. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা (বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের অনুরোধসহ)
৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৭. উপসচিব (হজ),ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. উপপ্রধান তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১০. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ মন্ত্রণালয়ের পক্ষে ই-হজ সিস্টেমে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১২. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে অবহিত করাসহ এতদসংক্রান্ত কাজে সহযোগিতা প্রদানের অনুরোধসহ)

১৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজ পোর্টালে প্রকাশসহ কারিগরি প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

১৪. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার/ব্যবস্থাপনা অংশীদার, ..................... ............. (২০২৩ সালে হজ কার্যক্রম পরিচালনাকারী সকল হজ এজেন্সি)

১৫. অফিস কপি

২৬। **লিড এজেন্সির মাধ্যমে সমন্বিত হজ কার্যক্রম পরিচালনা।**- (১) একাধিক এজেন্সি নিম্নবর্ণিত শর্তাধীনে সমন্বিতভাবে হজ কার্যক্রম পরিচালনা করিতে পারিবে, যথা:-

(ক) এজেন্সিসমূহের পারস্পরিক সম্মতির ভিত্তিতে একটি লিড এজেন্সি নির্ধারণ করিতে হইবে;

(খ) লিড এজেন্সির সহিত অন্যান্য এজেন্সির নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তি বা সমঝোতা স্মারক স্বাক্ষর করিতে হইবে;

(গ) লিড এজেন্সিকে হজ অফিস, ঢাকা এর সহিত একটি দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন করিতে হইবে;

(ঘ) দফা (গ) এর অধীন চুক্তি সম্পাদনের পূর্বে লিড এজেন্সির সহিত অন্যান্য এজেন্সির মধ্যে স্বাক্ষরিত চুক্তি বা সমঝোতা স্মারক পরিচালক, হজ অফিস, ঢাকা এর নিকট পেশ করিতে হইবে; এবং

(ঙ) এজেন্সি কর্তৃক নিবন্ধনকৃত হজ পালনে ইচ্ছুক ব্যক্তির সংখ্যানুযায়ী আদায়কৃত সমুদয় অর্থ লিড এজেন্সির ব্যাংক হিসাবে স্থানান্তর করিতে হইবে এবং সংশ্লিষ্ট ব্যাংক হিসাবের বিবরণী হজ অফিস, ঢাকায় প্রেরণ করিতে হইবে।

(২) একাধিক হজ এজেন্সি কর্তৃক সমন্বিতভাবে হজ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে হজ পালনে ইচ্ছুক ব্যক্তির নিবন্ধন, হজ পালনে ইচ্ছুক ব্যক্তি প্রেরণ এবং হজযাত্রীদের বাংলাদেশে প্রত্যাবর্তনসহ সামগ্রিক দায়-দায়িত্ব লিড এজেন্সিকে বহন করিতে হইবে।

(৩) লিড এজেন্সির মাধ্যমে সমন্বিত হজ ব্যবস্থাপনায় হজে গমনের বিষয়ে হজযাত্রীদের সম্মতিসহ প্রত্যেক হজ পালনে ইচ্ছুক ব্যক্তির সহিত এজেন্সি পৃথক পৃথক চুক্তি সম্পাদন করিবে এবং সংশ্লিষ্ট হজ এজেন্সি চুক্তির কপি হজযাত্রী ও পরিচালক, হজ অফিস, ঢাকায় সরবরাহ করিবে।

# লিড এজেন্সি নির্ধারণ এবং সর্বনিম্ন কোটাপূরণ বিষয়ক সমঝোতাপত্র

**(৩০০ টাকার স্ট্যাম্পে)**

হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ এবং হজ প্যাকেজ অনুসরণপূর্বক নিম্নস্বাক্ষরকারী পক্ষসমূহের মধ্যে হিজরি..............(............খ্রি.) সনের পবিত্র হজে হজযাত্রী প্রেরণের নিমিত্ত লিড এজেন্সি নির্ধারণপূর্বক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সম্পাদিত সমঝোতাপত্র।

**শর্তাবলী :**

(১) পক্ষভুক্ত এজেন্সিসমূহের মধ্যে.......................................................................... এজেন্সিকে লিড এজেন্সি হিসেবে নির্ধারণ করা হলো;

(২) এজেন্সিসমূহের প্রাক্-নিবন্ধিত হজযাত্রীগণের সম্মতিতে এজেন্সিসমূহের মধ্যে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সমঝোতাপত্র সম্পাদন;

(৩) সমঝোতাপত্রে স্বাক্ষরকারী সকল এজেন্সির হজযাত্রীগণের নামের তালিকা এবং মোনাজ্জেমের নাম (ছবিসহ) লিড এজেন্সির নিকট যথাসময়ে হস্তান্তর।

(৪) সমঝোতাপত্রে স্বাক্ষরকারী এজেন্সি এবং হজযাত্রীগণের তথ্যাদি:

| ক্রম. | এজেন্সির নাম | হজ লাইসেন্স নম্বর | হজযাত্রীর সংখ্যা |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |
| | | মোট হজযাত্রীর সংখ্যা | |

(৫) লিড এজেন্সির দায়িত্ব হইবে নিম্নরূপ:

(ক) প্রতি ৪৪ (কম/বেশি) হজযাত্রীর জন্য ১ জন করে হজ গাইড নিয়োগ প্রদান;

(খ) নির্ধারিত হজগাইডের তালিকা লিড এজেন্সির প্যাডে সীল ও স্বাক্ষরসহ পরিচালক, হজ অফিস, ঢাকায় জমা প্রদান;

(গ) হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ অনুসারে লিড এজেন্সি থেকে মোনাজ্জেম নিয়োগ;

(ঘ) হজযাত্রীগণের বাংলাদেশ হতে বিমান যাত্রার প্রস্তুতিসহ সৌদি আরবে যাতায়াত, আবাসন, খাওয়ার ব্যবস্থা, মোয়াল্লেমের সাথে অনুষ্ঠিত চুক্তি অনুযায়ী অতিরিক্ত সেবা প্রদান, কুরবানীসহ অন্যান্য সকল সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ।

(ঙ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের প্রচলিত সকল আইন-কানুন ও নির্দেশনা প্রতিপালন;

(চ) হজযাত্রী নিবন্ধনের জন্য ই-হজ ব্যবস্থাপনা, ব্যাংক হিসাব ও IBAN পরিচালনা এবং পাসপোর্ট ব্যবস্থাপনা সংক্রান্ত সকল দায়-দায়িত্ব সম্পাদন;

(ছ) সৌদি আরবস্থ বাংলাদেশ দূতাবাস, কাউন্সেলর (হজ্ব), কনসাল (হজ) ও মৌসুমী হজ অফিসারসহ দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তাকে পূর্ণ সহযোগিতা প্রদান। উক্ত কর্মকর্তাগণ কর্তৃক প্রদত্ত পরামর্শ/নির্দেশনা প্রতিপালন এবং সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা;

(জ) হজযাত্রীদের সেবা প্রদান নিশ্চিত করার ক্ষেত্রে বাংলাদেশ ও সৌদি সরকারের মধ্যে অনুষ্ঠিত দ্বি-পাক্ষিক হজচুক্তি/সম্মতিপত্র, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ ও হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২, হজ প্যাকেজ এবং হজ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন;

(ঝ) হিজরি................ (............. খ্রি.) সনের হজ কার্যক্রম পরিচালনা বিষয়ে নিম্নস্বাক্ষরকারী সকল পক্ষ একমত হয়ে স্বেচ্ছায় এ সমঝোতাপত্র স্বাক্ষর করলাম।

**প্রথম পক্ষ (লিড এজেন্সি)**

এজেন্সির নাম ও নম্বর:
স্বাক্ষরকারীর নাম ও পদবী:
জাতীয় পরিচয়পত্র নং:
মোবাইল নং :
ই-মেইল:

**দ্বিতীয় পক্ষ**

এজেন্সির নাম ও নম্বর:
স্বাক্ষরকারীর নাম ও পদবী:
জাতীয় পরিচয়পত্র নং:
মোবাইল নং:
ই-মেইল:

**তৃতীয় পক্ষ**

এজেন্সির নাম ও নম্বর:
স্বাক্ষরকারীর নাম ও পদবী:
জাতীয় পরিচয়পত্র নং:
মোবাইল নং :
ই-মেইল:

**সাক্ষীগণের নাম ও পদবী :**

| | |
|---|---|
| ১। | ২। |
| স্বাক্ষর : | স্বাক্ষর : |
| নাম : | নাম : |
| পরিচালক, হজ অফিস, | দাপ্তরিক সীল: |
| ঢাকা (সরকারের পক্ষে) | হজ এজেন্সিজ এসোসিয়েশন অব |
| | বাংলাদেশ (হাব) এর প্রতিনিধি |